

## ■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩২৮৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪০০]

১৭। বিবাহ (النِّكَاح)

পরিচ্ছেদঃ ১. দৈহিক ও আর্থিক দিক থেকে সামর্থ্য ব্যক্তির বিবাহ করা মুস্তাহাব, আর্থিক অস্বচ্ছল ব্যক্তি সওম পালন করবে

بَابِ اسْتِحْبَابِ النِّكَاحِ لِمَنْ تَاقَتْ نَفْسُهُ إِلَيْهِ وَوَجَدَ مُؤْنَةً وَأَشْتِفَالِ مَنْ عَجَزَ عَنِ الْمُؤْنَةِ  
بِالصَّوْمِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، وَأَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ وَمُحَمَّدُ بْنُ الْعَلَاءِ الْهَمْدَانِيُّ  
جَمِيعًا عَنْ أَبِي مُعَاوِيَةَ، - وَاللَّفْظُ لِيَحْيَى أَخْبَرَنَا أَبُو مُعَاوِيَةَ، - عَنْ الْأَعْمَشِ، عَنْ  
إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، قَالَ كُنْتُ أَمْشِي مَعَ عَبْدِ اللَّهِ بْنِي فَلَقِيَهُ عُثْمَانُ فَقَامَ مَعَهُ يُحَدِّثُهُ  
فَقَالَ لَهُ عُثْمَانُ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ أَلَا نُزُوْجُكَ جَارِيَةً شَابَةً لَعَلَّهَا تُذَكِّرُكَ بَعْضَ مَا مَضَى  
مِنْ زَمَانِكَ . قَالَ فَقَالَ عَبْدُ اللَّهِ لَئِنْ قُلْتَ ذَاكَ لَقَدْ قَالَ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ  
وَسَلَّمَ " يَا مَعْشَرَ الشَّبَابِ مَنِ اسْتَطَاعَ مِنْكُمُ الْبَاءَةَ فَلْيَتَزَوَّجْ فَإِنَّهُ أَغْنَى لِلْبَصَرِ  
وَأَحْسَنُ لِلْفَرْجِ وَمَنْ لَمْ يَسْتَطِعْ فَعَلَيْهِ بِالصَّوْمِ فَإِنَّهُ لَهُ وِجَاءُ " .

বাংলা

৩২৮৯-(১/১৪০০) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া আত তামীরী, আবু বকর ইবনু আবু শায়বাহ ও মুহাম্মাদ ইবনুল  
'আলা আল হামদানী (রহিমাত্তুল্লাহ) ..... 'আলকামাত্ত (রহ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি 'আবদুল্লাহ (ইবনু  
মাসউদ) (রাযঃ) এর সঙ্গে মিনায় পৌছলাম। এ সময় উসমান (ইবনু আফফান) (রাযঃ) এসে তার সাথে মিলিত  
হলেন। তখন তিনি তার সঙ্গে দাঁড়িয়ে কথা বলতে লাগলেন। উসমান (রাযঃ) তাকে বললেন, হে আবু আবদুর  
রহমান! আমরা কি আপনার সঙ্গে এমন একটি যুবতী মেয়ের বিয়ে দিব না, যে হয়ত আপনার অতীত কিছু স্মৃতি  
স্মরণ করিয়ে দিবে?

রায়ী বলেন, আবদুল্লাহ (ইবনু মাসউদ) (রাযঃ) বললেন, আপনি যদি এ কথা বলেন তবে রসূলুল্লাহ সাল্লাল্লাহু  
আলাইহি ওয়াসাল্লাম আমাদের বলেছেনঃ “হে যুব সমাজ! তোমাদের মধ্যে যে দাম্পত্য জীবনের ব্যয়ভার বহন  
করতে সক্ষম সে যেন বিবাহ করে। কারণ তা (বিবাহ) দৃষ্টিকে নিচু করে এবং লজ্জাস্থানকে সুরক্ষিত করে। আর  
যে সক্ষম নয় তার সিয়াম (রোজা/রোয়া) পালন করা উচিত। কারণ তা তার জন্য যৌন কামনা দমনকারী।”

(ইসলামিক ফাউন্ডেশন ৩২৬৪, ইসলামীক সেন্টার ৩২৬১)

## English

'Alqama reported:

While I was walking with 'Abdullah at Mina, 'Uthman happened to meet him. He stopped there and began to talk with him. Uthman said to him: Abu 'Abd al-Rahman, should we not marry you to a young girl who may recall to you some of the past of your bygone days; thereupon he said: If you say so, Allah's Messenger (ﷺ) said: O young men, those among you who can support a wife should marry, for it restrains eyes from casting (evil glances) and preserves one from immorality; but those who cannot should devote themselves to fasting for it is a means of controlling sexual desire.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=50372>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন